

মুখবন্ধ

প্রথমেই আপনাদের সকলকে ইংরেজি শুভ নববর্ষের শুভেচ্ছা জানাই। ১৯৯৫ সাল থেকে ধারাবাহিকভাবে প্রত্যেকটা বইমেলায় অথবা অন্যান্য সময়ে আমি আমাদের চলার পথের সবকিছুই মানুষের জ্ঞাতার্থে জানাই এবং জানিয়ে এসেছি। এতে একটা সুবিধে আছে। কোথাও ধারাবাহিকতার কোনও অভাব থাকে না। সেই পাবলিশিং আবার কখনও বা *Roli* বা অন্য কোনও প্রকাশক এই বইগুলিকে প্রকাশ করেছেন। মানুষ জানতে পেরেছেন আমরা কী কী করতে চাই বা করতে পেরেছি।

২০১১তে পশ্চিমবঙ্গের বহু প্রত্যাশিত হলের পরিবর্তন এসেছে। একটানা আপোলনের ধারাবাহিকতার আমাদের অভিজ্ঞতা নিয়ে তাই গত বছর আমি 'পরিবর্তন' লিখেছিলাম। আর এবছর আমি আরেকটি বই মানুষের কাছে পৌঁছে দিতে চাই— খুব কম সময়ে পরিবর্তনের পরে আমাদের সরকার কী কী কাজ করতে পারলো। বইটির নাম 'এক পলকে এক ঝলকে'। আমাদের অ্যাকশন প্ল্যান বা ম্যানিফেস্টোতে নির্বাচনের আগে আমরা কী কথা দিয়েছিলাম, সেই কথা রাখতে পেরেছি কিনা বা কতটা রাখতে পেরেছি, তাই নিয়ে এই বই।

আজও জীবনসংগ্রাম চলছে। জটিল মেমারি লেনের পথ বেয়ে প্রতিটা মুহূর্ত লড়াইতে সামিল আমরা। কিন্তু চলাটাই তো জীবনের ধর্ম। মানুষ আমাদের কাছে কী প্রত্যাশা করেন, মানুষের সেই প্রত্যাশার কথা; আমরা কী কথা দিয়েছিলাম; কতটা করতে পেরেছি; মানুষের প্রত্যাশা-প্রাপ্তি-আশীর্বাদ; আমাদের কথা দেওয়া-কথা রাখা — এই সব কিছুর খানিকটা *documentation* সহকারে লিপিবদ্ধ করার চেষ্টা করলাম এই বইটিতে।

Documentation নিয়ে বই এর আগেও আমি করেছি — 'অনশন কেন?', 'নন্দী মা', 'চলো যাই', '*Slaughter of Democracy*'। এবারে অবশ্য খুব তাড়াতাড়ি করেছি কাজটা। প্রায় পুরো লেখটাই গাড়িতে করে বাংলার বিভিন্ন প্রান্তে যাওয়ার পথে লেখা। তুল ত্রুটি তাই কিছু থাকতেই পারে। সময়ভাবে তার দায় আমার। সামগ্রিক ভাবেও, তুল হলে মানুষ আমার সমালোচনা করুন, আমি মাথা পেতে নেবো। আত্মসমালোচনা করবো। শুধু কামনা করি, চির জীবন - যত দিন বাঁচবো, মানুষের আশীর্বাদ যেন পাই।

আর, বইমেলা আমাদের কাছে খুব গর্বের। তাই বইমেলায় খালি হাতে যেতে আমার ভালোও লাগে না। যারা বই পড়তে ভালোবাসেন, *documentation* ভালোবাসেন, তাদের যদি ভালো লাগে, প্রয়োজনীয় মনে হয়; আমার ভালো লাগবে। এই বই আমি উৎসর্গ করেছি বাংলার মা-মাটি-মানুষকে, ছাত্র-বৌবনের উদ্দেশ্যে, মা-বোনদের উদ্দেশ্যে।

সুখাণ্ডনা, সোলা, রাজীবকে ধন্যবাদ। তুল ত্রুটি থেকে গেলে সে সোহ আমার। ব্যক্তোচ্চারণের প্রথম, সমবয়স্কদের শুভেচ্ছা-অভিনন্দন, ছোট্টদের ভালোবাসা জানাই। সবাই ভালো থাকুন, সুস্থ থাকুন।

১৯৯৫ মার্চ